



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
চাহিদাভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়)  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
মিরপুর-২, ঢাকা-১২১৬



নং-চাসপ্রাবিউ-১/প্রশা-০৪/২৪৫২

তারিখঃ ২ কার্তিক ১৪২৭  
২৪ নভেম্বর ২০২০

বিষয় : চাহিদাভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) এর আওতায় নির্মিত বিদ্যালয়ের শ্রেণিকক্ষ/শিক্ষক কক্ষের “আসবাবপত্র গ্রহণ” কমিটি গঠন।

সূত্র : ১৬/০৭/২০১৮ তারিখের প্রকল্প বাস্তবায়ন কমিটির ২য় সভার সিদ্ধান্ত পত্র নং- চাসপ্রাবিউ-১/প্রশা-০৪/৫৪১, তারিখ-২৩/০৭/২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “চাহিদাভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়)” শীর্ষক প্রকল্পের আওতায় জেলা-উপজেলা পর্যায়ে নির্মিত শ্রেণিকক্ষ/শিক্ষককক্ষে আসবাবপত্র (উঁচু-নিচু বেঞ্চ, টিচার টেবিল, টিচার চেয়ার, ফাইল কেবিনেট ও স্টীলের আলমিরা) সরবরাহ করা হবে। জেলা প্রাথমিক শিক্ষা অফিসারগণ কর্তৃক e-GP পদ্ধতিতে ক্রয়কৃত সংশ্লিষ্ট জেলায় উল্লেখিত আসবাবপত্রের সরবরাহ গ্রহণের লক্ষ্যে মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর মহোদয়ের অনুমোদনক্রমে নিম্নোক্ত “আসবাবপত্র গ্রহণ” কমিটি গঠন করা হলো :

১।	সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসার	- সভাপতি
২।	সংশ্লিষ্ট ক্লাস্টার প্রধান	- সদস্য
৩।	সংশ্লিষ্ট বিদ্যালয়ের SMC সভাপতি	- সদস্য
৪।	উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, (সংশ্লিষ্ট উপজেলা)	- সদস্য
৫।	সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষক	- সদস্য সচিব

কমিটির কার্যক্রম :

- ১। অনুমোদিত Specification, Drowing, Design অনুযায়ী এবং Test Report পরীক্ষান্তে কমিটি অক্ষত আসবাবপত্র বুঝে নিবেন।
- ২। বিদ্যালয়ের শ্রেণিকক্ষ ও শিক্ষককক্ষের জন্য বরাদ্দকৃত প্রতিটি আসবাবপত্র সংখ্যা অনুযায়ী কমিটি সংশ্লিষ্ট বিদ্যালয়ে বুঝিয়ে দিবেন।
- ৩। কমিটি আসবাবপত্রের সরবরাহ গ্রহণ এবং সংশ্লিষ্ট বিদ্যালয়ে বুঝিয়ে দেয়া সংক্রান্ত প্রত্যয়নসহ প্রতিবেদন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার বরাবর প্রেরণ করবেন। জেলা প্রাথমিক শিক্ষা অফিসারগণ তাঁর মতামতসহ উহা মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করবেন।
- ৪। আসবাবপত্র গ্রহণ সংক্রান্ত জটিলতা দেখা দিলে তা নিরসনে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিতকরণ পূর্বক দ্রুত সমাধানের ব্যবস্থা নিবেন।
- ৫। বিদ্যালয়ের প্রধান শিক্ষক গৃহীত আসবাবপত্রের হিসাব তাঁর বিদ্যালয়ের স্টক বহিতে লিপিবদ্ধ করবেন।
- ৬। কমিটি সরবরাহকৃত আসবাবপত্রের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করবেন।

(মোঃ বদিয়ার রহমান)

যুগ্ম সচিব

প্রকল্প পরিচালক (অতিঃ দায়িত্ব)

ফোন-৫৫০৭৪৭৭৪

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)

(উল্লেখিত কমিটিকে ও সংশ্লিষ্ট অফিসে পত্রটি অগ্রায়ণের অনুরোধসহ)

অনুলিপি:

১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (উন্নয়ন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
৪. পরিচালক, আইএমডি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
৫. নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (সকল জেলা), (তাঁর অধিনস্থ একজন উপ-সহকারী প্রকৌশলী মনোনয়নের অনুরোধসহ)।
৬. নথি।